

অচিরেই দেশের সব বিমানবন্দরে স্টারলিংকের ইন্টারনেট সেবা

- A Monitor Desk Report

Date: 17 March, 2025



ঢাকাঃ বাংলাদেশের বিমানবন্দরগুলোতে বিশ্বের শীর্ষ খনকুবের ইলন মাস্কের স্যাটেলাইটভিত্তিক ইন্টারনেট সেবাদাতা প্রতিষ্ঠান স্টারলিংকের কার্যক্রম চালুর সম্ভাবনা নিয়ে বৈঠক করেছেন বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের (বেবিচক) চেয়ারম্যান এয়ার ভাইস মার্শাল মো. মঞ্জুর কবীর ভূইয়া ও স্পেসএক্স-এর 'গ্লোবাল এনগেজমেন্ট অ্যাডভাইজার' রিচার্ড এইচ গ্রিফিৎস।

রবিবার (১৬ মার্চ) দুপুর ১২টায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে এ সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হয়।

এক সংবাদ বিজ্ঞপ্তিতে বেবিচক জানায়, 'সাক্ষাতে বিমানবন্দরগুলোতে স্টারলিংকের ইন্টারনেট সেবা চালুর সম্ভাবনা, যাত্রীসেবার মানোন্নয়ন ও ভবিষ্যতে পারস্পরিক সহযোগিতা নিয়ে বিস্তারিত আলোচনা হয়।'

বৈঠকে বেবিচক চেয়ারম্যান বাংলাদেশ সফরের জন্য স্পেসএক্স প্রতিনিধিকে ধন্যবাদ জানান এবং এ বিষয়ে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধির আশা প্রকাশ করেন।

এর আগে ১৪ ফেব্রুয়ারি প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনুস ও স্পেসএক্সের প্রতিষ্ঠাতা ইলন মাস্কের মধ্যে এক ফোনালাপ অনুষ্ঠিত হয়। আলোচনায় বাংলাদেশে স্টারলিংক সেবা চালুর প্রয়োজনীয়তা ও দ্রুত বাস্তবায়নের বিষয়ে গুরুত্ব দেওয়া হয়।

-B